**এজিএমের অনুমতি পেয়েছে ওয়েস্টার্ন মেরিন**

নির্ধারিত সময় পেরিয়ে যাওয়ার পর বিলম্বিত বার্ষিক সাধারণ সভা (এজিএম) আয়োজনে উচ্চ আদালতের অনুমোদন চেয়েছিল ওয়েস্টার্ন মেরিন শিপইয়ার্ড লিমিটেড। কয়েক দফা শুনানির পর গত মঙ্গলবার কোম্পানিটিকে ২০১৪-১৫ ও ২০১৫-১৬ হিসাব বছরের এজিএম করার অনুমতি দেন আদালত। এজন্য তাদের ৩০ নভেম্বর পর্যন্ত সময় বেঁধে দেয়া হয়েছে।গতকাল স্টক এক্সচেঞ্জ মারফত কোম্পানি জানায়, উচ্চ আদালত তাদের ৩০ জুনের মধ্যে দুই বছরের এজিএম সম্পন্ন করার নির্দেশ দিয়েছেন। একই সঙ্গে এজিএমের পূর্ণাঙ্গ প্রস্তুতি নিশ্চিত করারও নির্দেশনা দেয়া হয়েছে।ওয়েস্টার্ন মেরিনের কোম্পানি সচিব শাহাদাত হোসেন বণিক বার্তাকে বলেন, উচ্চ আদালতের অনুমোদন ও নির্দেশনাক্রমে আমরা নির্ধারিত (৩০ নভেম্বর) সময়ের মধ্যে এজিএম সম্পন্ন করার সব প্রস্তুতি নিচ্ছি। নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন থেকে শুরু করে এজিএমের যাবতীয় কাগজপত্র প্রস্তুতির কাজ চলছে।http://bonikbarta.net

**পূর্ণাঙ্গ স্থলবন্দর হয়ে ওঠার অপেক্ষায় দর্শনা শুল্কস্টেশন**

পর্যাপ্ত অবকাঠামোগত সুবিধা রয়েছে। রয়েছে রেলপথে পণ্য ও যাত্রী পরিবহনের সাফল্যমণ্ডিত ঐতিহ্য। কিন্তু সড়কপথে সংযুক্ত না থাকায় পূর্ণাঙ্গ স্থলবন্দর হয়ে উঠতে পারছে না চুয়াডাঙ্গার দর্শনা শুল্কস্টেশন। অথচ এখানে পূর্ণাঙ্গ স্থলবন্দরের কার্যক্রম চালু হলে এ অঞ্চলের আর্থসামাজিক উন্নয়নের দরজা খুলে যাবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান মো. নজিবুর রহমানও এমনটাই মনে করছেন। গত মাসে দর্শনায় আয়োজিত এক অনুষ্ঠানে তিনি বলেন, রেলওয়ে ওয়াগনের পাশাপাশি সড়কপথে ট্রাকযোগে দর্শনা-গেদে সীমান্তপথে পণ্য আমদানি-রফতানির মাধ্যমে এ শুল্কস্টেশনকে পূর্ণাঙ্গ স্থলবন্দরে রূপান্তর করা যায়।http://bonikbarta.net

**বাংলাদেশের অর্থনৈতিক অঞ্চলে বিনিয়োগ করবে জাপান: বাণিজ্যমন্ত্রী**

জাপান এ দেশের বিশেষ অর্থনৈতিক অঞ্চলে (এসইজেড) বিনিয়োগের সিদ্ধান্ত নিয়েছে। গতকাল ঢাকায় নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত মাসাতো ওয়াতানাবের সঙ্গে বৈঠক শেষে এ তথ্য জানান বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ।মন্ত্রী গতকাল বাংলাদেশ সচিবালয়ে তার অফিস কক্ষে জাপানি রাষ্ট্রদূতের সঙ্গে বৈঠক করেন। এ সময় বাণিজ্য সচিব শুভাশীষ বসু ও আন্তর্জাতিক বাণিজ্য সংস্থা (ডব্লিউটিও) সেলের মহাপরিচালক মুনীর চৌধুরী উপস্থিত ছিলেন।বৈঠক শেষে মাসাতো ওয়াতানাবে বলেন, বাংলাদেশ জাপানের ভালো বন্ধু। আগামীতে দুই দেশের মধ্যে অর্থনৈতিক ও উন্নয়ন সহযোগিতামূলক সম্পর্ক আরো জোরদার হবে। জাপানের বিনিয়োগকারীরা বাংলাদেশে বিনিয়োগের সিদ্ধান্ত নিয়েছেন। তারা বাংলাদেশের বিশেষ অর্থনৈতিক অঞ্চলে বিনিয়োগ করবে।বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেন, জাপান বাংলাদেশের এসইজেডে বিনিয়োগের সিদ্ধান্ত নিয়েছে। জাপানের প্রধানমন্ত্রী শিনজো আবের সাম্প্রতিক বাংলাদেশ সফরে এ ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত ১০০টি এসইজেডের একটিতে জাপানের ব্যবসায়ীরা বিনিয়োগ করবেন। ১০ বছর আগে বাংলাদেশের রফতানি প্রক্রিয়াকরণ এলাকায় (ইপিজেড) জাপানের ৩৫টি কোম্পানির বিনিয়োগ ছিল। এখন সেখানে ৩৫০টি কোম্পানির বিনিয়োগ রয়েছে।http://bonikbarta.net

**চীনের বাণিজ্যচর্চা নিয়ে তদন্ত শুরু করছে যুক্তরাষ্ট্র**

চীনের বাণিজ্যচর্চা নিয়ে বিস্তৃত আকারে তদন্ত শুরু করতে যাচ্ছে যুক্তরাষ্ট্র। ইলেকট্রিক গাড়িসহ অন্যান্য গুরুত্বপূর্ণ প্রযুক্তি খাতে শীর্ষস্থান পাওয়ার লক্ষ্যে চীনের তত্পরতায় যুক্তরাষ্ট্র উদ্বিগ্ন হয়ে উঠেছে। এরই পরিপ্রেক্ষিতে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন আগামী কয়েক দিনের মধ্যে চীনের বাণিজ্য চর্চা সম্পর্কে বিরুদ্ধে তদন্ত শুরু করবে বলে জানা গেছে। খবর নিউইয়র্ক টাইমস ও এএফপি।ক্ষেপণাস্ত্র ও পরমাণু কার্যক্রম থেকে উত্তর কোরিয়াকে নিবৃত্ত করার অনুরোধ যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে জানানো হয়েছিল চীনকে। কিন্তু এক্ষেত্রে চীনের দায়সারা ভাবে রীতিমতো বিরক্ত ও হতাশ হয়ে পড়েছে যুক্তরাষ্ট্র। ফলে যেখানে দুদেশের মধ্যে সহযোগিতামূলক সম্পর্ক আরো দৃঢ় হওয়ার কথা ছিল, সেখানে উল্টো চিত্র লক্ষ করা যাচ্ছে। এর ধারাবাহিকতায় মার্কিন মেধাস্বত্ব চীন কীভাবে ভঙ্গ করছে সে বিষয়ে তদন্তসহ আরো কিছু পদক্ষেপ গ্রহণ করতে যাচ্ছে যুক্তরাষ্ট্র। চীনা কার্যক্রমের বিরুদ্ধে তদন্তের ভার পড়বে ইউনাইটেড স্টেটস ট্রেড রিপ্রেজেন্টেটিভের ওপর। তদন্তের সূত্র ধরে চীন থেকে আমদানিকৃত পণ্যে শুল্ক, যুক্তরাষ্ট্রে ব্যবসারত চীনা কোম্পানির লাইসেন্স বাতিলসহ আরো কিছু শাস্তিমূলক পদক্ষেপ নেয়া হতে পারে।http://bonikbarta.net

**নিষেধাজ্ঞার প্রভাব পড়েনি কাতারের এলএনজি রফতানিতে**

প্রতিবেশী দেশগুলোর সঙ্গে কাতারের কূটনৈতিক টানাপড়েন চলছে। দেশটির বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপ করেছে সৌদি আরবসহ বেশ কয়েকটি মুসলিম দেশ। এর জের ধরে দেশটিতে বিভিন্ন পণ্যের আমদানি ও দেশটি থেকে রফতানি কমে গেছে। তবে নিষেধাজ্ঞার প্রভাব পড়েনি কাতারের অন্যতম রফতানি পণ্য তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) রফতানিতে। জুনে দেশটি থেকে এলএনজি রফতানি আগের বছরের একই সময়ের তুলনায় বেড়েছে বলে কাতারের উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান মন্ত্রণালয়ের (এমডিপিএস) সাম্প্রতিক এক প্রতিবেদনে জানানো হয়েছে। খবর রয়টার্স।http://bonikbarta.net

**জ্বালানি তেলের দাম ৫৫ ডলারে থাকবে আগামী বছর**

যুক্তরাষ্ট্রের শেল তেল উৎপাদন বাড়ছে। তাই আগামী বছর জ্বালানি তেলের দাম ৪৫-৫৫ ডলারের মধ্যে থাকবে বলে মনে করে ব্রিটিশ জ্বালানি কম্পানি বিপি। কম্পানির প্রধান অর্থ কর্মকর্তা ব্রিয়ান গিলভারি বার্তা সংস্থা রয়টার্সকে দেওয়া সাক্ষাৎকারে বলেন, বৈশ্বিক চাহিদা কিছুটা শক্তিশালী মনে হচ্ছে। এর পরও তেলের বর্তমান দরই আগামীতে একটু বাড়বে-কমবে। বছরের দ্বিতীয়ভাগে তেলের চাহিদা বাড়বে দৈনিক ১.৪ থেকে ১.৫ মিলিয়ন ব্যারেল।http://www.kalerkantho.com

**কম্বোডিয়া থেকে ১০ লাখ টন চাল কিনবে বাংলাদেশ**

ভিয়েতনাম ও থাইল্যান্ডের পরে এবার কম্বোডিয়া থেকে চাল আমদানি করতে যাচ্ছে বাংলাদেশ। আগামী ৫ বছরে সেই দেশ থেকে বাংলাদেশ ১০ লাখ মেট্রিক টন চাল আমদানি করবে। দেশটির রাজধানী নমপেনে খাদ্যমন্ত্রী কামরুল ইসলাম এবং কম্বোডিয়ার বাণিজ্যমন্ত্রী প্যান সোরাসাক বুধবার এই চুক্তিতে সই করেন। বার্তা সংস্থা রয়টার্স বিষয়টি নিশ্চিত করেছে।তারা জানায়, চুক্তির অংশ হিসেবে চলতি বছরেই ২ লাখ টন সাদা চাল এবং ৫০ হাজার টন আধা সিদ্ধ চাল কিনবে বাংলাদেশ। কম্বোডিয়ার বাণিজ্যমন্ত্রী বলেন, আগামী অক্টোবরের মধ্যেই এই আড়াই লাখ টন চাল বাংলাদেশে রফতানি করা হবে। রয়টার্সের খবরে বলা হয়, বাংলাদেশ বিশ্বের চতুর্থ চাল উৎপাদনকারী দেশ।http://www.jugantor.com

**শেয়ারবাজারে ১৩০৮ কোটি টাকা লেনদেন**

শেয়ারবাজারে লেনদেন বেড়েছে। বুধবার দেশের দুই শেয়ারবাজার ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (সিএসই) মিলে ১ হাজার ৩০৮ কোটি টাকা লেনদেন হয়েছে। এর মধ্যে ডিএসইতে লেনদেন হয়েছে ১ হাজার ২৩৮ কোটি টাকা এবং সিএসইতে ৬৯ কোটি টাকা। এছাড়া উভয় শেয়ারবাজারে বুধবার মূল্যসূচক ও বাজারমূলধন বেড়েছে। বিশ্লেষকরা বলছেন, বিভিন্ন কোম্পানির লভ্যাংশ দেয়ার সময় হয়েছে। ফলে বেশ কিছু নতুন বিনিয়োগ বাজারে এসেছে। বাজার বিশ্লেষণে দেখা গেছে, ডিএসইতে বুধবার ৩২৯টি কোম্পানির ৪৩ কোটি ৫ লাখ শেয়ার লেনদেন হয়েছে, যার মোট মূল্য ১ হাজার ২৩৮ কোটি ৭৪ লাখ টাকা। http://www.jugantor.com